# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০০৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

## আরবী

وَعَنْ طَلْقِ بْنِ عَلِيٍّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا فَسَا أَحَدُكُمْ فِي الصَّلَاةِ فَلْيَنْصَرِفْ فَلْيَتَوَضَّأْ وَلْيُعِدِ الصَّلَاةَ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَرَوَى التِّرْمِذِيّ مَعَ زِيَادَة ونقصان

## বাংলা

১০০৬-[২৯] ত্বালক বিন ’আলী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ সালাতরত অবস্থায় তোমাদের কেউ যখন নিঃশব্দে বাতাস বের করে, সে যেন ফিরে গিয়ে উযূ (ওয়ু/ওজু/অজু) করে এসে পুনরায় সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে নেয়। (আবূ দাঊদ; এ বর্ণনাটিকে ইমাম তিরমিযীও কিছু বেশ কম করে বর্ণনা করেছে।)[1]

## ফুটনোট

[1] দুর্বল : আবূ দাঊদ ২০৫, ১০০৫, আত্ তিরমিযী ১১৬৫, ইবনু হিব্বান ২২৩৭। কারণ এর সানাদে মুসলিম বিন সাল্লাম একজন মুনকার রাবী যার কাছ হতে শুধুমাত্র ‘ঈসা বিন হাত্ত্বান হাদীস বর্ণনা করেছেন।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: (إِذَا فَسَا أَحَدُكُمْ) ‘যখন তোমাদের কারো গুহ্যদ্বার হতে নিঃশব্দে বায়ু নির্গত হয়।’ এই বায়ু নির্গত সালাত আদায়কারীর অনিচ্ছায় হোক বা স্বেচ্ছায় হোক। ‘সে যেন সালাত ছেড়ে দেয় এবং অযূ করে পুনরায় সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে।’

এ থেকে জানা যায় যে, বায়ু নির্গত হওয়া উযূ (ওয়ু/ওজু/অজু) ভঙ্গের কারণ। এর দ্বারা সালাত ভঙ্গ হয়ে যায় এবং সালাত পুনরায় আদায় করা ওয়াজিব। পূর্বের আদায়কৃত সালাতের উপর ভিত্তি করে বাকী সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করা বৈধ নয়।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55565

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন